

ঠিকানা

২১ বর্ষ ১৩ সংখ্যা ৩১ বৈশাখ ১৪১৭
Thikana Vol.21, No.13, Friday 14 May 2010
New York \$ 1.50, Other State \$ 2.00

THIKANA
সর্বাধিক প্রচারিত বাংলা সংবাদপত্র
The Most Widely Circulated Bangla Newspaper

যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের কমিটি বিলুপ্ত হয়নি

আইরিনের নেতৃত্ব দাবী হানিফের না

ঠিকানা রিপোর্ট : যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সংগঠনের মহিলা সম্পাদিকা আইরিন পারভিন কমিটি নিয়ে ত্রিধা বিভক্তির সংবাদে বিষয় প্রকাশ করেছেন কেন্দ্রীয় নেতৃবৃন্দ। এরই মাঝে ৯ মে এ কর্তৃক সংবাদ সম্মেলন এবং সেখানে মিসেস পারভিন দাবি (বাঁকি অংশ ১০৩-এর পাতায়)

সিটিজেনশিপ কেড়ে নেয়ার বিল কংগ্রেসে

বিশেষ সংবাদদাতা : আন্তর্জাতিক সঙ্গী সীটে গ্যারান্টি জড়িতদের সিটিজেনশিপ কেড়ে নেয়ার বিধান করা হচ্ছে। ৬ মে 'টেররিষ্ট এন্ড প্যাট্রিয়টস এন্ড সিক্রেট একট বিল উঠেছে কংগ্রেসে। এ বিলের মূল শ্পলর হচ্ছে সিনেটর (রিপাবলিকান) স্টেট ব্রাউন, সিনেটর (হেভজ) মো লিবারম্যান এবং কংগ্রেসম্যান জেনস অন্ট মায়ার (ডেম) এবং চার্লি (বাঁকি অংশ ১০৩-এর পাতায়)

১০১ ঠিকানা ৩১ মে ২০১০
Thikana 14 May 2010

দেশের সাথে প্রবাসের সেতুবন্ধ রচনায় ২১ বছরে

খবর



এএবিইএ'র বর্ণাঢ্য বর্ষবরণ ও অভিষেক



নিউইয়র্ক : এএবিইএ-র নবনির্বাচিত কমিটির শপথ গ্রহণ। ছবি-ঠিকানা।



নিউইয়র্ক : এএবিইএ-র নবনির্বাচিত কমিটির শপথ গ্রহণ ও বর্ষবরণে সুধীর একাংশ। ছবি-ঠিকানা।



নিউইয়র্ক : এএবিইএ-র নবনির্বাচিত কমিটির শপথ গ্রহণ ও বর্ষবরণে সুধীর একাংশ। ছবি-ঠিকানা।

ঠিকানা রিপোর্ট: আমেরিকান এসোসিয়েশন অব বাংলাদেশী ইঞ্জিনিয়ার্স এন্ড আর্কিটেক্ট ইনফের বর্ণাঢ্য বর্ষ বরণ এবং নব নির্বাচিত কমিটির অভিষেক গত ৮ মে সন্ধ্যায় উডসাইডের অনন্ত ঢাকা ক্লাবে অনুষ্ঠিত

হয়েছে। তিন পর্বে বিভক্ত এই অনুষ্ঠানের প্রথম ও তৃতীয় পর্বে ছিলো আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান এবং দ্বিতীয় পর্বে ছিলো নব নির্বাচিত কমিটির অভিষেক। এ অনুষ্ঠানে অংশগ্রহণ করার জন্য আমেরিকার বিভিন্ন

স্টেট থেকে বাংলাদেশী ইঞ্জিনিয়ার্স এন্ড আর্কিটেক্ট-এর সদস্য এবং তাদের পরিবার-পরিজন অংশগ্রহণ করেন। এক সময় তাদের

অংশগ্রহণে পুরো অডিটোরিয়াম পূর্ণ হয়ে যায়। এই অনুষ্ঠানের মাধ্যমে সংগঠনের সদস্যরা তাদের মধ্যে ভাবের প্রদান-প্রদান করেন। তাদের কলকাকলিতে তিন এক মাত্রা তৈরী হয়। যা সাধারণত অন্য কোন অনুষ্ঠানে দেখা যায় না। তারা সুন্দর এবং পরিষ্কন্ন একটি অনুষ্ঠান উপহার দেন। অনুষ্ঠানে সাধারণ সম্পাদক এবং বিদায়ী কমিটির সভাপতি বিগত দিনের সাংগঠনিক কার্যক্রম তুলে ধরেন। শাহনেওয়াজ রহিম, সোহেলী নাসরিন এবং মেহনাজ হাসানের পরিচালনায় অভিষেক অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পিডিবির সাবেক সিনিয়র ইঞ্জিনিয়ার মোহাম্মদ বজলুর রহমান। অন্যায়ের মধ্যে মধ্যে উপস্থিত ছিলেন নব নির্বাচিত কমিটির প্রেসিডেন্ট ইঞ্জিনিয়ার সদরুল হোসাইন, প্রেসিডেন্ট (ইলেট) ইঞ্জিনিয়ার মোহাম্মদ একরাম উল্লাহ, সাধারণ সম্পাদক ইঞ্জিনিয়ার মোহাম্মদ সিদ্দিকুর রহমান, কোষাধ্যক্ষ ইঞ্জিনিয়ার মোহাম্মদ আসাদুল হক,

কালচারাল সেক্রেটারী ইঞ্জিনিয়ার শামিউল হক, প্রচার সম্পাদক ইঞ্জিনিয়ার মোহাম্মদ আব্দুল হাই, কার্যকরী কমিটির সদস্য ইঞ্জিনিয়ার মোহাম্মদ রেজাউল হক, ইঞ্জিনিয়ার কাজী মোস্তাক আহমেদ এবং সাবেক প্রেসিডেন্ট ইঞ্জিনিয়ার এনাম হক। নব নির্বাচিত কমিটিকে শপথ বাক্য পাঠ করান বোর্ড অব ট্রাস্টির চেয়ারম্যান ইঞ্জিনিয়ার আলী আশরাফ মাসুদ মিয়া। অনুষ্ঠানে প্রধান অতিথি ইঞ্জিনিয়ার মোহাম্মদ বজলুর রহমান বলেন, আমি যখন এই দেশে, স্থায়ীভাবে বসবাসের জন্য আসি তখন এই সংগঠনের কর্মকর্তারাই আমাকে চাকরির ব্যবস্থা করে দিয়েছিলেন। এবং তাদের কার্যক্রম আমার দৃষ্টি আকর্ষণ করেছে। বিশেষ করে জব সেমিনার এবং যারা বাংলাদেশ থেকে নতুন আসেন তাদের ট্রেনিং এর মাধ্যমে চাকরির ব্যবস্থা করা। সর্বোপরি বাংলাদেশের প্রকৃতিক দুর্ঘোষে সাহায্য করা সত্যিই একটি প্রশংসনীয় উদ্যোগ। তিনি আরো বলেন, যে দেশ বিনা অর্থে আমাদের মানুষ করেছে সেই দেশের জন্য আমাদের সবার সাধ্য মত কিছু করা উচিত। তিনি বর্ষবরণ সম্পর্কে বলেন, এই ধরনের অনুষ্ঠান খুবই প্রয়োজন প্রবাসে জন্ম নেয়া নতুন প্রজন্মের শিশু-কিশোরদের আমাদের কৃষ্টি, কালচার এবং ঐতিহ্য সম্পর্কে জানানোর জন্য। অনুষ্ঠানের প্রথম পর্বে কবিতা আবৃত্তি, সঙ্গীত ও নৃত্য পরিবেশন করেন সংগঠনের সদস্য এবং তাদের পরিবারের সদস্যরা এবং শেষ পর্বে সঙ্গীত পরিবেশন করেন আল আমিন এবং জিয়াত রেহানা রত্না।



নিউইয়র্ক : এএবিইএ-র নবনির্বাচিত কমিটির শপথ গ্রহণ ও বর্ষবরণ অনুষ্ঠানে নৃত্য পরিবেশন। ছবি-ঠিকানা।